

তারিখ: 01/12/2016

**এসবিএন থেকে বৈধ টেন্ডার প্রত্যাহার: অসুরক্ষিত/ অপ্রাতিষ্ঠানিক সূত্র থেকে পাওয়া তথ্যের বিষয়ে
আরবিআই সতর্ক করল**

বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট (এসবিএন)-এর বৈধ টেন্ডার চরিত্র প্রত্যাহার সংক্রান্ত কর্মকাণ্ডের আবহে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, সময়ে সময়ে ব্যাঙ্কসমূহের উদ্দেশ্যে নির্দেশবিধি জারি করে চলেছে যেগুলি প্রাতিষ্ঠানিক [মেল](#) মারফত ব্যাঙ্কসমূহে সরাসরি প্রেরণ করা হয়েছে। এগুলি রিজার্ভ ব্যাঙ্কের প্রাতিষ্ঠানিক ওয়েবসাইট (<https://www.rbi.org.in>) – এও রাখা হয়েছে।

খবর এসেছে যে কিছু অসাধু চক্র সামাজিক মাধ্যমে (সোশাল মিডিয়া) কিছু নির্দেশিকা/নির্দেশবিধি রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত হয়েছে বলে মিথ্যা রটনা ছড়াচ্ছে যা জনমানসে/ ব্যাঙ্ক কর্মীদের মধ্যে বিভ্রান্তি তৈরী করছে।

ব্যাঙ্কসমূহ এবং জনসাধারণকে সেকারণে সতর্ক করা হচ্ছে যাতে তাঁরা যে নির্দেশবিধিগুলি রিজার্ভ ব্যাঙ্কের প্রাতিষ্ঠানিক ওয়েবসাইট (<https://www.rbi.org.in>)-এ আপলোড করা হয়েছে অথবা রিজার্ভ ব্যাঙ্কের প্রাতিষ্ঠানিক [মেল](#) মারফত গৃহিত হয়েছে কেবলমাত্র সেগুলির দ্বারাই পরিচালিত হন।

ব্যাঙ্কসমূহ এবং জনসাধারণকে জানান হচ্ছে যে তাঁরা যেন অন্য অসুরক্ষিত/ অপ্রাতিষ্ঠানিক সূত্র যেমন সামাজিক মাধ্যমের উপর ভরসা না করেন যেখানে প্রচলিত নথিসমূহের সত্যনিশ্চয়তা প্রশ্নসাপেক্ষাধীন এবং অপ্রতিপাদনীয়।

প্রেস বিজ্ঞপ্তি: 2016-2017/1382

অজিত প্রসাদ
সহকারী পরামর্শদাতা